



UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-III Examination, 2020

COMPULSORY BENGALI

PAPER-BNGM-MIL (Revised New Syllabus)

(FOR ARTS)

Time Allotted: 1 Hour

Full Marks: 25

পাঠ্যসূত্র সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

*The word limit mentioned below against each question to be strictly followed by the students:  
1 mark-20 words / 2 marks-30 words / 3 marks-50 words / 4 marks-60 words /  
5 marks-100 words / 6 marks-150 words / 8 marks-220 words / 10 marks-300 words.*

- যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও এবং নয় নম্বর প্রশ্ন আবশ্যিক। ১০×২=২০
- ১। ‘তোমার শঙ্খ ধুলায় পড়ে কেমন করে সহিব।’ ১+২+২  
— এখানে ‘তুমি’ কে? তাঁর ‘শঙ্খ’ বলতে কি বোঝায়? সেই শঙ্খের ধুলায় পড়ে থাকার তাৎপর্য কি? তা কবির কাছে অসহনীয় বলে মনে হয়েছে কেন? +৫=১০
- ২। ‘আমি করি তার জন্মবৃত্তান্ত ঘোষণা’ ২+৮=১০  
— কবি কার ‘জন্মবৃত্তান্ত’ ঘোষণা করেছেন? এই ঘোষণার তাৎপর্য কি?
- ৩। ‘বইপড়া’ প্রবন্ধটি কার লেখা? এই প্রবন্ধে প্রাবন্ধিক প্রাচীন ভারতের বিদ্যাচর্চার যে পরিচয় দিয়েছেন, তা আলোচনা করো। এই প্রবন্ধে লাইব্রেরীর গুরুত্ব সম্পর্কে যা বলা হয়েছে সেটি নিজের ভাষায় লেখো। ১+৪+৫=১০
- ৪। ‘বৈজ্ঞানিক বুদ্ধি’ প্রবন্ধে রাজশেখর বসু অদূরদর্শিতা, অসতর্কতা ও অক্ষসংস্কারের ফলে সাধারণ মানুষের বিচার-বিভ্রান্তির যে সব উদাহরণ দিয়েছেন, তা আলোচনা করো। ১০
- ৫। “এই ঘণ্টা দুয়েকের অভিজ্ঞতায় সংসারে  
সে যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল।” ১+৩+৬=১০  
— এখানে কার অভিজ্ঞতার কথা বলা হয়েছে? ‘বুড়া হইয়া গিয়াছিল’ – কথাটির তাৎপর্য কী? ঘণ্টা দুয়েকের মধ্যে কীরূপ অভিজ্ঞতা হয়েছিল, আলোচনা করো।
- ৬। “আমি ওকে কথা দিয়েছি।” ১+২+১+১  
— বক্তা কে? কোন প্রসঙ্গে কাকে সে এই কথা বলেছে? ‘ওকে’ বলতে কাকে বোঝানো হয়েছে? বক্তা তাকে কি কথা দিয়েছিল? সেই কথা রাখা সম্ভব হয়েছিল কিনা তা আলোচনা করো। +৫=১০

- ৭। ভাবসম্প্রসারণ করোঃ ১০
- “এ বিশ্বকে শিশুর বাসযোগ্য করে যাব আমি  
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।”
- ৮। সংক্ষিপ্তসার লেখোঃ ১০
- জ্ঞান মানুষের মধ্যে সকলের চেয়ে বড়ো ঐক্য। বাংলাদেশের এককোণে যে ছেলে পড়াশুনা করিয়াছে, তার সঙ্গে যুরোপ প্রান্তের শিক্ষিত মানুষের মিল যে অনেক বেশি সত্য, তার দুয়ারের পাশের মূর্খ প্রতিবেশীর চেয়ে।
- জ্ঞানের মানুষের সঙ্গে মানুষের এই যে মিল বাহির হইয়া পড়ে, যে মিল দেশভেদ ও কালভেদকে ছাড়াইয়া যায় – সেই মিলের পরম প্রয়োজনের কথা ছাড়িয়া দেওয়া যাক, সেই মিলের যে পরম আনন্দ তাহা হইতে কোনো মানুষকেই কোনো কারণেই বঞ্চিত করিবার কথা মনেই করা যায় না।
- সেই জ্ঞানের প্রদীপ এই ভারতবর্ষে কত বহুদূরে এবং কত মিটমিট করিয়া জ্বলিতেছে, সে কথা ভাবিয়া দেখিলেই বুঝিতে পারি, ভারতবাসীর পক্ষে সেই পরম যোগের পথ কত সংকীর্ণ – যে যোগ জ্ঞানের যোগ, যে যোগে সমস্ত পৃথিবীর লোক আজ মিলিত হইবার সাধনা করিতেছে।
- ৯। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫
- (ক) কলেজের বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষে একটি আমন্ত্রণপত্র রচনা করো।
- (খ) জল সংরক্ষণের উপযোগিতা বিষয়ে একটি ভাষণ প্রস্তুত করো।
- (গ) মহাবিদ্যালয় থেকে একটি শিক্ষামূলক ভ্রমণে যাওয়া হবে – এই বিষয়ে ছাত্রছাত্রীদের জানানোর জন্য একটি বিজ্ঞপ্তি প্রস্তুত করো।
- (ঘ) সামাজিক কুসংস্কার দূরীকরণে বিজ্ঞান-এর ভূমিকা বিষয়ে তোমার অধ্যাপক / অধ্যাপিকার সঙ্গে একটি সাক্ষাৎকার প্রস্তুত করো।

—x—